# আজ সচিবালয়ে প্রথম অফিস নতুন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশের ১১তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর আজ প্রথমবারের মতো সচিবালয়ে দাপ্তরিক কার্যক্রম শুরু করছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। মঙ্গলবার জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় খোলা আকাশের নিচে মন্ত্রিসভার শপথ অনুষ্ঠিত হয়। তার পরদিন বুধবার থেকেই আনুষ্ঠানিকভাবে দায়িত্ব পালন শুরু করছেন তিনি।

দায়িত্ব গ্রহণের আগেই সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় প্রস্তুত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের দ্বিতীয় তলায় ২০১ নম্বর কক্ষ তার দপ্তর হিসেবে নির্ধারণ করা হয়েছে। পাশের ২০০ নম্বর কক্ষ থাকবে সভাকক্ষ হিসেবে। প্রয়োজনীয় দাপ্তরিক ও আনুষঙ্গিক প্রস্তুতিও সম্পন্ন হয়েছে।

প্রথম কর্মদিবসে সকাল ১০টায় জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করবেন তিনি। পরে দুপুর সাড়ে ১২টার দিকে সচিবালয়ে এসে কর্মকর্তাদের সঙ্গে পরিচিতি ও মতবিনিময় সভায় অংশ নেবেন। দুপুরের পর মন্ত্রিসভার বিশেষ বৈঠক এবং বিকেলে সচিবদের সঙ্গে পৃথক বৈঠকের সূচি রয়েছে।

এদিন সচিবালয়ে বাড়তি নিরাপত্তা নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, নির্বাচনের গেজেট প্রকাশের পর থেকেই মন্ত্রিপরিষদ বিভাগে ব্যস্ততা বেড়েছে। শপথ আয়োজন থেকে শুরু করে নতুন প্রধানমন্ত্রীর দপ্তর প্রস্তুত—সবকিছুতেই কর্মকর্তারা নিবিড়ভাবে কাজ করেছেন।

LENS ASIA